



০৩ ডিসেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

পরিবহন শ্রমিকদের ৪৮ ঘণ্টা কর্মবিরতির সময় অ্যাম্বুলেন্স আটকের কারণে মৌলভীবাজারের বড়লেখা সদর ইউনিয়নের আজমির গ্রামের ০৭ দিনের শিশুমৃত্যুর ঘটনায় তার পরিবারকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না তা জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি ও নির্দেশনা প্রদান

আজ ০৩ ডিসেম্বর, ২০১৮ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী এবং মাননীয় বিচারপতি মোঃ আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ জনস্বার্থে দায়েরকৃত রীট মামলা নং ১৪৬৩৩/১৮ এর প্রাথমিক শুনানী শেষে পরিবহন শ্রমিকদের ৪৮ ঘণ্টা কর্মবিরতির সময় অ্যাম্বুলেন্স আটকের কারণে মৌলভীবাজারের বড়লেখা সদর ইউনিয়নের আজমির গ্রামের ০৭ দিনের শিশুমৃত্যুর ঘটনায় তার পরিবারকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন এবং আগামী ০৪ (চার) সপ্তাহের মধ্যে স্বরাষ্ট্র সচিব, সড়ক পরিবহন ও যোগাযোগ মন্ত্রণালয় সচিব, বিআরটিএ- এর চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদককে এ রুলের জবাব দিতে বলেছেন।

এছাড়াও ১০ জানুয়ারির মধ্যে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ও বড়লেখা থানার ওসিকে ওই শিশুর মৃত্যুর ঘটনায় মেডিকেল সার্টিফিকেটসহ প্রয়োজনীয় তথ্য আদালতে প্রতিবেদন আকারে দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য যে, গত ২০ই নভেম্বর ২০১৮ ইং তারিখ চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) এর চেয়ারম্যান এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষে আইনজীবী ব্যরিস্টার আবদুল হালিম রীট মামলা নং ১৪৬৩৩/২০১৮ (চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) ও অন্যান্য বনাম বাংলাদেশ ও অন্যান্য) দায়ের করেন এবং আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন। রাষ্ট্র পক্ষে ছিলেন ডেপুটি এটার্নি জেনারেল একরামুল হক টুটুল।

গত ২৮ অক্টোবর সড়ক পরিবহন আইনের কয়েকটি ধারা পরিবর্তনের দাবিতে সকাল ছয়টা থেকে দেশ জুড়ে ৪৮ ঘণ্টার কর্মবিরতির ডাক দেয় বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন। এ কর্মবিরতি চলাকালে ০৭ (সাত) দিনের মুমূর্ষু নবজাতককে বহনকারী অ্যাম্বুলেন্স আটকে দেয়ায় শিশুটিকে সঠিক সময়ে হাসপাতালে পৌঁছানো সম্ভব হয় নি বিধায় পথেই মৃত্যুর কোলে ঢলে পড়ে শিশুটি।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

প্রয়োজনে যোগাযোগ করুন:

এডভোকেট ওবায়দুর রহমান [ফোন : ০১৭১৬৮৪৬৪৯০ ইমেইল : obaid@blast.org.bd]

এডভোকেট মোঃ জামিউল হক ফয়সাল [ফোন : ০১৬৮০৮৮২৮২৭ ইমেইল : jamiul@blast.org.bd]

এডভোকেট ব্যরিস্টার আবদুল হালিম [ফোন : ০১৭১৩০০১৫৩১ ইমেইল : halim_md@yahoo.co.uk]